মোংলা বন্দর কর্তৃপক্ষ
মোংলা, বাগেরহাট।

নং-১৮.১৪.০১৫৮.১২৫.০২.৩৪৭(অংশ-৭).২০২১- ১০৮৪/২

তারিখ- ২৩/১১ /২০২১।

## "নিয়োগ বিজ্ঞপ্তি"

মোংলা বন্দর কর্তৃপক্ষের অধীন সরাসরি নিয়োগযোগ্য রাজস্বখাতভুক্ত এবং অস্থায়ীভাবে রাজস্ব খাতে সৃজিত নিম্নবর্ণিত শূন্য পদসমূহে অস্থায়ীভাবে নিয়োগের নিমিত্ত বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে নিম্নবর্ণিত শর্তে নির্ধারিত ফরমে দরখাস্ত আহবান করা যাচ্ছেঃ

| ক্রঃ নং | পদের নাম ও বেতন স্কেল | পদের সংখ্যা | ২৫/০৩/২০২০ তারিখে বয়স | নিয়োগ বিধি অনুযায়ী প্রয়োজনীয় যোগ্যতা |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১. | প্রধান চিকিৎসা কর্মকর্তা<br>৪৩০০০-৬৯৮৫০/- | ০১ | ৪৫ বৎসর | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে এম,বি, বি, এস ডিগ্রীসহ চিকিৎসা শাস্ত্রে স্নাতকোত্তর ডিগ্রী বা ডিপ্লোমা; এবং<br>(খ) কোন একশত শয্যাবিশিষ্ট হাসপাতাল পরিচালনায় কমপক্ষে ১৫ (পনের) বৎসরের অভিজ্ঞতা। |
| ২. | সহকারী প্রকৌশলী (নৌ-যান)/(নৌ-ভান্ডার)<br>২২০০০-৫৩০৬০/- | ০২ | ৩০ বৎসর | নৌ অথবা নৌ-স্থাপত্য বিষয়ে কমপক্ষে স্নাতক প্রকৌশল ডিগ্রী/ডি,ও, টি দ্বিতীয় শ্রেণী। |
| ৩. | ড্রেজার মাস্টার (২য় শ্রেণী)<br>২২০০০-৫৩০৬০/- | ০১ | ৩৫ বৎসর | ড্রেজিং (খনন) কার্যে ৫ বৎসরের অভিজ্ঞতাসহ ১ম শ্রেণীর ইনল্যান্ড মাস্টার- এর সনদপত্র প্রাপ্ত। কমপক্ষে এস.এস.সি পাস। |
| ৪. | সহকারী শিক্ষক (পদার্থ বিজ্ঞান)<br>১৬০০০-৩৮৬৪০/- | ০১ | ৩০ বৎসর | (ক) সংশ্লিষ্ট বিষয়ে ন্যূনপক্ষে ২য় শ্রেণীর স্নাতক ডিগ্রী।<br>(খ) বি,এড/এম,এড ডিগ্রী থাকিতে হইবে।<br>(গ) অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার দেওয়া হইবে। |
| ৫. | সিনিয়র স্টাফ নার্স<br>১৬০০০-৩৮৬৪০/- | ০২ | ৩০ বৎসর | (ক) কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট প্রাপ্ত।<br>(খ) নার্সিং এ ডিপ্লোমা প্রাপ্তির পর অন্যূন ০২(দুই) বৎসরের অভিজ্ঞতা সম্পন্ন মহিলা প্রার্থী। |
| ৬. | সিনিয়র স্টাফ নার্স (অস্থায়ী)<br>১৬০০০-৩৮৬৪০/- | ০৪ | ৩০ বৎসর | (ক) কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট প্রাপ্ত।<br>(খ) নার্সিং এ ডিপ্লোমা প্রাপ্তির পর অন্যূন ০২ (দুই) বৎসরের অভিজ্ঞতা সম্পন্ন মহিলা প্রার্থী। |
| ৭. | সহকারী নিরাপত্তা কর্মকর্তা<br>১২৫০০-৩০২৩০/- | ০১ | ৩৫ বৎসর | স্নাতক ডিগ্রীসহ সংশ্লিষ্ট কাজে ৩ বৎসরের অভিজ্ঞতা সম্পন্ন সামরিক/আধাসামরিক/পুলিশ/আনসার বাহিনীর অবসর প্রাপ্ত জে,সি,ও বা সমমানের কর্মকর্তা। |
| ৮. | ড্রাইভার/ফর্কলিফট অপারেটর (প্রকল্প)<br>১০২০০-২৪৬৮০/- | ০৩ | ৩০ বৎসর | (ক) কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) হেভী মোটর ড্রাইভিং এর বৈধ লাইসেন্স থাকিত হইবে; এবং<br>(গ) ক্রেন চালক হিসাবে ৩ (তিন) বৎসরের চাকুরী। |
| ৯. | কার মেকানিক<br>৯৭০০-২৩৪৯০/- | ০১ | ৩০ বৎসর | ট্রেড সার্টিফিকেটসহ কমপক্ষে ৮ম শ্রেণী পাস ও সংশ্লিষ্ট ক্ষেত্রে ৩ বৎসরের অভিজ্ঞতা। |
| ১০. | ভারী যানবাহন চালক<br>৯৭০০-২৩৪৯০/- | ০৩ | ৩০ বৎসর | কমপক্ষে এস.এস.সি পাস ও ভারী গাড়ী চালানোর লাইসেন্সধারী সংশ্লিষ্ট ক্ষেত্রে ৪ বৎসরের অভিজ্ঞতা। |
| ১১. | স্পীড বোট ড্রাইভার<br>৯৩০০-২২৪৯০/- | ০১ | ৩০ বৎসর | ড্রাইভারশীপ সনদপত্র থাকিতে হইবে। |
| ১২. | মেসিনিস্ট<br>৯৩০০-২২৪৯০/- | ০১ | ৩০ বৎসর | এস.এস.সি পাস এবং সংশ্লিষ্ট বিষয়ে ২ বৎসর মেয়াদী ট্রেড সার্টিফিকেট। |
| ১৩. | ভেসেল মেকানিক গ্রেড-২<br>৯৩০০-২২৪৯০/- | ০১ | ৩০ বৎসর | এস.এস.সি পাস এবং সংশ্লিষ্ট বিষয়ে ট্রেড সার্টিফিকেট। |
| ১৪. | সুপারভাইজার গ্রেড-২<br>৯৩০০-২২৪৯০/- | ০১ | ৩০ বৎসর | কমপক্ষে এস.এস.সি পাস ও ট্রেড সার্টিফিকেট এবং ৩ বৎসরের অভিজ্ঞতা। |
| ১৫. | সাইন পেইন্টার গ্রেড-১<br>৯৩০০-২২৪৯০/- | ০১ | ৩০ বৎসর | কমপক্ষে এস.এস.সি পাস ও সংশ্লিষ্ট লাইনে ৫ বৎসরের বাস্তব অভিজ্ঞতা। |

| | | | | |
|---|---|---|---|---|
| ১৬. | মেকানিক (ভেসেল)<br>৯৩০০-২২৪৯০/- | ০১ | ৩০ বৎসর | মেকানিক (ভেসেল) হিসাবে ৩ বৎসরের অভিজ্ঞতাসম্পন্ন ট্রেড সার্টিফিকেটসহ ৮ম শ্রেণী পাস। |
| ১৭. | ট্রেসার<br>৯০০০-২১৮০০/- | ০২ | ৩০ বৎসর | এস.এস.সি পাসসহ ট্রেড কোর্স সনদপত্র। |
| ১৮. | নিরাপত্তা হাবিলদার<br>৮৮০০-২১৩১০/- | ০১ | ৩০ বৎসর | (ক) মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) অস্ত্র বিষয়ে আনসারের ৭০ (সত্তর) দিন ব্যাপী মৌলিক প্রশিক্ষণের সনদপ্রাপ্ত। |

শর্তাবলীঃ

০১। প্রার্থীকে অনলাইনে আবেদন করতে হবে। অনলাইন ঠিকানাঃ www.mpajobsbd.com। অনলাইনে আবেদন শুরুর তারিখঃ - **০১/১২/২০২১** তারিখ সকাল ১০.০০ ঘটিকা এবং শেষ সময় **১৫/১২/২০২১** তারিখ রাত্র ১২.০০ ঘটিকা।

০২। উল্লিখিত পদসমূহে ইতোপূর্বে যারা আবেদন করেছেন তাদেরকে পুনরায় আবেদন করতে হবে।

০৩। অনলাইনে আবেদন ফরম যথাযথভাবে পূরণপূর্বক সফলভাবে সাবমিট করার পর ফাইনাল কম্পিউটার প্রিন্ট আউট কপির সাথে মোংলা বন্দর কর্তৃপক্ষ এর অনুকূলে যে কোন তফশিলী ব্যাংক হতে **১ নং থেকে ৭ নং ক্রমিকের পদের ক্ষেত্রে ৫০০/- (পাঁচশত) টাকা**, **৮ নং থেকে ১৬ নং ক্রমিকের পদের ক্ষেত্রে ১০০/- (একশত) টাকা এবং ১৭ নং থেকে ১৮ নং ক্রমিকের পদের ক্ষেত্রে ৫০/- (পঞ্চাশ) টাকা** পে- অর্ডার/ব্যাংক ড্রাফট (অফেরতযোগ্য), ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত সম্প্রতি তোলা ০৩ কপি ছবি সংযুক্ত করে এবং খামের উপর পদের নাম উল্লেখপূর্বক পরিচালক (প্রশাসন), মোংলা বন্দর কর্তৃপক্ষ, ডাকঘর-মোংলা-৯৩৫১, জেলা-বাগেরহাট বরাবর **২৬/১২/২০২১** তারিখের মধ্যে প্রেরণ করতে হবে।

০৪। আবেদনকারী অনলাইন আবেদনের ০১ টি কপি সংরক্ষণ করবে। অনলাইন আবেদন ফরমপূরণ ব্যতিরেকে স্বহস্তে পূরণকৃত আবেদন গ্রহণ করা হবে না। আবেদনপত্র ডাকযোগে অথবা কুরিয়ারযোগে প্রেরণ করতে হবে। হাতে হাতে কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না।

০৫। সংশ্লিষ্ট সকল সনদপত্রের (যদি থাকে) মূল সনদ ও ০১ কপি করে ফটোকপি, জাতীয় পরিচয়পত্রের ফটোকপি (যদি থাকে) মৌখিক পরীক্ষার সময় সংগে আনতে হবে যা সরকারি গেজেটেড ১ম শ্রেণির কর্মচারীর নামাঙ্কিত সীলমোহরসহ সত্যায়িত হতে হবে। সরকারি গেজেটেড ১ম শ্রেণির কর্মচারীর নিকট হতে চারিত্রিক সনদপত্র এবং ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার/সিটি কর্পোরেশনের কাউন্সিলর এর নিকট হতে নাগরিকত্ব সনদপত্রের মূল কপি মৌখিক পরীক্ষার সময় সংগে আনতে হবে।

০৬। বিজ্ঞপ্তিতে বর্ণিত যে কোন পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি হতে পারে। অনলাইন আবেদনপত্রের ১৭ ও ১৮ নং সারিতে অতিরিক্ত যোগ্যতা (যদি থাকে) ও অভিজ্ঞতার বিবরণ (যদি থাকে) পরিপূর্ণভাবে উল্লেখ করতে হবে।

০৭। যোগ্য প্রার্থীদেরকে নিয়োগ পরীক্ষা অনুষ্ঠানের স্থান, তারিখ ও সময়সূচি মবক এর ওয়েব সাইট- www.mpa.gov.bd এ প্রকাশ করা হবে। www.mpajobsbd.com থেকে প্রবেশপত্র ডাউনলোড করে পরীক্ষার সময় সাথে আনতে হবে।

০৮। দরখাস্তে বর্ণিত কোন সনদপত্র, প্রত্যয়নপত্র ও ঘোষিত তথ্যাদি অসত্য প্রমাণিত হলে দরখাস্ত বাতিলসহ ঐ দরখাস্তকারীর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

০৯। সরকারি ও অন্যান্য সংস্থায় চাকুরীরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

১০। মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের সন্তান ও প্রতিবন্ধী ব্যক্তিদের ক্ষেত্রে ২৫/০৩/২০২০ তারিখে সর্বোচ্চ বয়সসীমা ৩২(বত্রিশ) বৎসর হবে।

১১। সরকারি ছাড়পত্র ও প্রযোজ্য ক্ষেত্রে অন্যান্য প্রাসঙ্গিক অনুমোদন(প্রকল্পের পদের ক্ষেত্রে পদ সংরক্ষণ) এবং সন্তোষজনক প্রাক-পুলিশ প্রতিবেদন প্রাপ্তি সাপেক্ষে নির্বাচিত প্রার্থীদের অনুকূলে নিয়োগপত্র ইস্যু করা হবে।

১২। কোন প্রকার তদবির/প্রভাব বিস্তার প্রার্থীর অযোগ্যতা বলে বিবেচিত হবে।

১৩। কোনরূপ কারণ দর্শানো ব্যতিরেকে এই নিয়োগ বিজ্ঞপ্তি আংশিক বা সম্পূর্ণ সংশোধন/বাতিলের চূড়ান্ত ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

১৪। কোটা সংক্রান্ত বিষয়ে সরকারি নির্দেশনা যথাযথভাবে অনুসরণ করা হবে।

১৫। অনলাইন আবেদনের ক্ষেত্রে কোনরূপ সমস্যার সম্মুখীণ হলে **১৫/১২/২০২১** তারিখ বেলা **১২-০০** ঘটিকা পর্যন্ত msoftbd@gmail.com ঠিকানায় যোগাযোগ করা যাবে।

২৮/১১/২০২১

মোঃ শাহীনুর আলম (উপসচিব)
পরিচালক (প্রশাসন)
মোংলা বন্দর কর্তৃপক্ষ